

**উপস্থিতি ৪:-** মোঃ হাসান জামাল, সিনিয়র সহকারী জজ,  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

ଆଦେଶ ନଂ-୫୨

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ৩১/০১/২০২৩ ইং

বাদীপক্ষ হাজিরা দাখিল করেন।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদীগণ আরজি তফসিল বর্নিত নালিশী সম্পত্তিতে স্বত্ত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-২ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-২ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অব্ব মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ১০/০৫/২০২২ ইং তারিখের ৪৫ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমাণের জন্য বাদীপক্ষে ক্ষীরসোহন দাস P.W.-1 হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্যবর্নিত কাগজাদি দাখিল করেন।

## ১। বি এস ৭৪৭ নং খতিয়ানের সি.সি প্রদ- ১

২। আর এস ১৩, ২৭৭/৮ এবং ৩৪৭ নং খতিয়ানের সি.সি প্রদর্শনী- ২ সিরিজ

৩। বন্দর মৌজার পি এস  $\frac{18}{13/1}$ ,  $\frac{9}{8}$ ,  $\frac{276}{277}$  নং খতিয়ানের সি.সি প্রদর্শনী-৩ সিরিজ

ক্ষীরসোহন দাস P.W.-1 এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৩) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভূক্ত সম্পত্তিতে স্বত্ত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি।  
সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

ପ୍ରଦତ୍ତ କୋଟି ଫି ସଠିକ ।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-২ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে  
একত্রফাসুত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ত্বরিতে বাদীগনের উত্তম ও অপরাজেয়  
স্বত্ত্ব রাখিয়াছে এবং উক্ত ত্বরি সংশ্লিষ্ট বি.এস ৭৪৭ নং খতিয়ানে অংশের কলামে ফনিন্দ্র  
জলদাসের নামে ।।. আট আনা অংশ লিপি না হয়ে লেন্দু বাসীর নামে ।।. আট আনাৰ  
স্থলে যোল আনা অংশ লিপিৰ মাধ্যমে উক্ত খতিয়ান ত্বল ও অঙ্গন্দভাবে লিপিবদ্ধ হইয়াছে,  
যা যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীগনের উপর বাধ্যকর নয়।

আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম